ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্লানিং এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল ১৪-২১), ৮ রাজউক
এভিনিউ ঢাকা-১০০০,
www.icb.gov.bd

স্মারক নম্বর: ৫৩.১৩.০০০০.০০৫.৪১.০০১.২১.১০৬

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৯
২৮ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **আইসিবি কর্তৃক তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানের বিষয়টি মন্ত্রণালয়-কে অবহিতকরণ প্রসঙ্গে।**

মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনাব এম. নাসির উদ্দিন খান-এর আবেদনের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক আবেদন প্রাপ্তির তারিখ **(২৯ আগস্ট ২০২২) হতে পরবর্তী ১৬ (ষোল) কার্যদিবসের মধ্যে (১৯ সেপ্টেম্বর ২০২২)** নিম্নোক্ত তথ্যসমূহ/মতামত পত্র মারফত ও ই-মেইলে প্রেরণ করা হয়েছে:

| **ক্রম.** | **আবেদনকারী কর্তৃক অনুরোধকৃত তথ্যসমূহ** | **দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা কর্তৃক সরবরাহকৃত তথ্যসমূহ/মতামত** |
|---|---|---|
| (ক) | ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এ ট্রাইকম ফুডস্ লিমিটেডের পরিচালক (অপারেশনস্) জনাব মনোয়ার হোসেন প্রকল্পের ব্যবস্থাপনা পরিচালকের বিরুদ্ধে যে অভিযোগপত্র দাখিল করেছিলেন তার সত্যায়িত/সার্টিফাইড কপি। | আইসিবির ইইএফ লিগ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত তথ্য মতে ট্রাইকম ফুডস্ লিমিটেডের পরিচালক অপারেশনস্ জনাব মনোয়ার হোসেন এরূপ কোন অভিযোগপত্র দাখিল করেন নি। |
| (খ) | ট্রাইকম ফুডস্ লিমিটেডের পরিচালক, মিসেস শাহানাজ বেগম, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এ অর্থ জমা দেয়ার মাধ্যমে কর্পোরেশন কর্তৃক গৃহীত আইনী প্রক্রিয়া থেকে যে অব্যাহতি নিয়েছেন সে সংক্রান্ত: | ট্রাইকম ফুডস্ লিমিটেডের পরিচালক, মিসেস শাহানাজ বেগম, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এ অর্থ জমা দেয়ার মাধ্যমে কর্পোরেশন কর্তৃক গৃহীত আইনী প্রক্রিয়া থেকে অব্যাহতির নিমিত্ত যে আবেদন দাখিল করেছেন তার সত্যায়িত কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো (সংযুক্তি-০১); |
| | (i) উনি (মিসেস শাহানাজ বেগম) যে আবেদন করেছেন সেই আবেদনের সত্যায়িত ফটোকপি; | |
| | (ii) উনার (মিসেস শাহানাজ বেগম) আবেদনের প্রেক্ষিতে আইসিবি ও ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রতিবেদন/পত্রসমূহের সত্যায়িত কপি; | মিসেস শাহানাজ বেগমের অনুকূলে আইসিবি কর্তৃক প্রেরিত পত্রের সত্যায়িত কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো (সংযুক্তি-০২); |
| | (iii) উনার (মিসেস শাহানাজ বেগম) আবেদনের প্রেক্ষিতে ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত অনুমতিপত্রের সত্যায়িত কপি; এবং | মিসেস শাহানাজ বেগমের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত অনুমতিপত্রের সত্যায়িত কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো (সংযুক্তি-০৩); এবং |
| | (iv) আইসিবি কর্তৃক মিসেস শাহানাজ বেগম-কে প্রদত্ত আইনী প্রক্রিয়া থেকে অব্যাহতি দানের পত্রের সত্যায়িত কপি। | মিসেস শাহানাজ বেগম তার নিজ অংশের ১০% সরকারি শেয়ার এর সুদ-আসল পরিশোধ করায় আইসিবি কর্তৃক প্রকল্পের বিরুদ্ধে দায়েরকৃত মানি মোকদ্দমা-১৫/২০১৯ হতে মিসেস শাহানাজ বেগম-এর নাম প্রত্যাহার করা হয়েছে। তবে মামলা থেকে অব্যাহতি প্রদানের বিষয়ে আইসিবি কর্তৃক তার অনুকূলে কোন পত্র ইস্যু করা হয়নি। |

শ্রদ্ধান্তে,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২-১০-২০২২
মোঃ আবুল হোসেন
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ০২২২৩৩৮৩৪৯৫
ফ্যাক্স: ০২২২৩৩৮৩৩১৩
ইমেইল: md@icb.gov.bd

সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

স্মারক নম্বর: ৫৩.১৩.০০০০.০০৫.৪১.০০১.২১.১০৬/১(২)

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৯
২৮ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব, প্রশাসন ও কল্যাণ শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

২) সহকারী সচিব, সংসদ, তথ্য ও সমন্বয় শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

২-১০-২০২২
মোঃ শরিকুল আনাম
উপ-মহাব্যবস্থাপক

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
INVESTMENT CORPORATION OF BANGLADESH
৮, রাজউক এভিনিউ (লেভেল ১৪-২১), ঢাকা, বাংলাদেশ, পিএবিক্স ঃ ৯৫৬৩৪৫৫ (অটো হান্টিং), ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, RAJUK AVENUE (LEVEL 14-21), DHAKA, BANGLADESH, PABX : 9563455 (AUTO HUNTING), FAX : 88-02-9563313, E-mail : icb@agni.com

**প্লানিং এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট**

নং- ৫৩.১৩.০০০০.০০৫.৪১.০০১.২১–৪৬৬০

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৯
১৯ সেপ্টেম্বর ২০২২

**জনাব এম. নাসির উদ্দিন খান**
মাসুকা লজ
ফ্ল্যাট# বি-১০, ৫/১১, ব্লক# এফ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।

বিষয়: **তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আইসিবির ব্যবস্থাপনা পরিচালক বরাবর আপনার প্রেরিত ১৭ আগস্ট ২০২২ তারিখের পত্র অনুসরণ করা হলো। উল্লেখ্য, উক্ত পত্রটি আইসিবির উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা কর্তৃক ২৯ আগস্ট ২০২২ তারিখে গৃহীত হয় এবং তথ্য অধিকার আইনের ৯(১) ধারা মোতাবেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০(বিশ) কার্যদিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহের নির্দেশনা অনুযায়ী আপনার যাচিত তথ্যাদি/মতামত নিম্নোক্ত ছকে প্রদান করা হলো:

| ক্রম. | অনুরোধকৃত তথ্যসমূহ | দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা কর্তৃক সরবরাহকৃত তথ্যসমূহ/মতামত |
|---|---|---|
| (ক) | ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এ ট্রাইকম ফুডস্ লিমিটেডের পরিচালক (অপারেশনস্) জনাব মনোয়ার হোসেন প্রকল্পের ব্যবস্থাপনা পরিচালকের বিরুদ্ধে যে অভিযোগপত্র দাখিল করেছিলেন তার সত্যায়িত/সার্টিফাইড কপি। | আইসিবির ইইএফ লিগ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত তথ্য মতে ট্রাইকম ফুডস্ লিমিটেডের পরিচালক অপারেশনস্ জনাব মনোয়ার হোসেন এরূপ কোন অভিযোগপত্র দাখিল করেন নি। |
| (খ) | ট্রাইকম ফুডস্ লিমিটেডের পরিচালক, মিসেস শাহানাজ বেগম, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এ অর্থ জমা দেয়ার মাধ্যমে কর্পোরেশন কর্তৃক গৃহীত আইনী প্রক্রিয়া থেকে যে অব্যাহতি নিয়েছেন সে সংক্রান্ত: | |
| | (i) উনি যে আবেদন করেছেন সেই আবেদনের সত্যায়িত ফটোকপি; | ট্রাইকম ফুডস্ লিমিটেডের পরিচালক, মিসেস শাহানাজ বেগম, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এ অর্থ জমা দেয়ার মাধ্যমে কর্পোরেশন কর্তৃক গৃহীত আইনী প্রক্রিয়া থেকে অব্যাহতির নিমিত্ত যে আবেদন দাখিল করেছেন তার সত্যায়িত কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো (সংযুক্তি-০১); |
| | (ii) উনার আবেদনের প্রেক্ষিতে আইসিবি ও ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রতিবেদন/পত্রসমূহের সত্যায়িত কপি; | মিসেস শাহানাজ বেগমের অনুকূলে আইসিবি কর্তৃক প্রেরিত পত্রের সত্যায়িত কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো (সংযুক্তি-০২); |
| | (iii) উনার আবেদনের প্রেক্ষিতে ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত অনুমতিপত্রের সত্যায়িত কপি; এবং | মিসেস শাহানাজ বেগমের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত অনুমতিপত্রের সত্যায়িত কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো (সংযুক্তি-০৩); এবং |

চলমান পাতা-২

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

# INVESTMENT CORPORATION OF BANGLADESH

মুজিব শতবর্ষ MUJIB 100

৮, রাজউক এভিনিউ (লেভেল ১৪-২১), ঢাকা, বাংলাদেশ, পিএবিক্স ঃ ৯৫৬৩৪৫৫ (অটো হান্টিং), ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, RAJUK AVENUE (LEVEL 14-21), DHAKA, BANGLADESH, PABX : 9563455 (AUTO HUNTING), FAX : 88-02-9563313, E-mail : icb@agni.com



| | | |
|---|---|---|
| | (iv) আইসিবি কর্তৃক মিসেস শাহানাজ বেগম-কে প্রদত্ত আইনী প্রক্রিয়া থেকে অব্যাহতি দানের পত্রের সত্যায়িত কপি। | মিসেস শাহানাজ বেগম তার নিজ অংশের ১০% সরকারি শেয়ার এর সুদ-আসল পরিশোধ করায় আইসিবি কর্তৃক প্রকল্পের বিরুদ্ধে দায়েরকৃত মানি মোকদ্দমা-১৫/২০১৯ হতে মিসেস শাহানাজ বেগম-এর নাম প্রত্যাহার করা হয়েছে। তবে মামলা থেকে অব্যাহতি প্রদানের বিষয়ে আইসিবি কর্তৃক তার অনুকূলে কোন পত্র ইস্যু করা হয়নি। |

০২। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

ধন্যবাদান্তে,

(মোঃ শরিকুল আনাম)
উপ-মহাব্যবস্থাপক
ও
দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৮৩৩১৩
ই-মেইলঃ dgm_prd@icb.gov.bd

<u>সংযুক্তি বর্ণনা মোতাবেক:</u>

O/C Received by
Received
19/09/22

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
তাং.........................সময়..............

- ☐ আলাপ করুন
- ☐ প্রয়োজনীয় পদক্ষেপ নিন
- ☐ বিষয়টি উপস্থাপন করুন
- ☐ কাঙ্খিত তথ্য প্রেরণ করুন
- ☐ জবাব যথাসময়ে গিয়েছে কিনা আজই আমাকে জানান
- ☐ নথিভুক্ত করুন

ব্যবস্থাপনা পরিচালক

DGM / EEF Legal Affairs

উপ-ব্যবস্থাপনা পরিচালক

মহাব্যবস্থাপক (ইইএফ)

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
আইসিবি, বিডিবিএল ভবন, ঢাকা।

বিষয়ঃ ইইএফ ফান্ড এর দায়দেনা থেকে আমার অংশ পরিশোধের জন্য আবেদন।

জনাব

বিনীত ভাবে অবহিত করছি যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মিজ/শাহানাজ বেগম, ট্রাইকম ফুড লিঃ এর ১০% শেয়ার হোল্ডার। কোম্পানীটি ১৯৯৭ সালে ইনকরপোরেটেড হয়। ২০০৩ সালে আমি ১০% শেয়ার ক্রয়ের মাধ্যমে কোম্পানীর সাথে যুক্ত হই। ২০০৫ সালে বাংলাদেশ EEF ফান্ডের সহায়তায় আবেদনের প্রেক্ষিতে ১,৪৭,৮৫,০০০.০০/- টাকা আর্থিক সহায়তা প্রাপ্ত হয়। ২০১৩ সালের মধ্যে বাংলাদেশ ব্যাংকে শেয়ার বাইব্যাক করার কথা থাকলেও অদ্যাবধি তা হয়নি। কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকের অদক্ষতা, অসহযোগীতা এবং আর্থিক অসাধুতার কারনে কোম্পানিটি কখনোই লাভজনক অবস্থায় যায় নাই। কোম্পানীটির ব্যাংক একাউন্ট ব্যবস্থাপনা পরিচালকের একক স্বাক্ষরে পরিচালিত হতো যা কোম্পানী আইনে সিদ্ধ নয়। ২০০৫ সালের পর কোম্পানীর কোন অডিট হয়নি এবং কোন নিরীক্ষা প্রতিবেদন প্রনীত হয়নি। আয়ব্যয়ের হিসাবও পরিচালকদের সভায় উপস্থাপিত হয়নি। ২০০৮ সালের পর পরিচালকদের কোন সভাও অনুষ্ঠিত হয়নি। ২০০৯ সাল থেকে বাংলাদেশ ব্যাংকের পক্ষে আইসিবি দায়িত্ব পালন করছে। ব্যবস্থাপনা পরিচালক এবং তার স্ত্রী ব্যতিত অন্য কোন পরিচালক কারখানায় যেতে পারেন না। তারা এটাকে এককভাবে কুক্ষীগত করে রেখেছে। কারখানাটি পরিচালকদের অগোচরে ভাড়া দিয়ে রেখেছে। এইসব বিষয়ে একাধিকবার আমি এবং অন্য পরিচালকগণও লিখিতভাবে আইসিবিকে জানানো হয়েছে। এবং ময়মনসিংহ বিসিককেও জানানো হয়েছে। কোম্পানীর স্থাবর ও অস্থাবর সম্পত্তি বিক্রি করে দায় পরিশোধের প্রস্তাবও আমি দিয়েছিলাম। আইসিবির পক্ষ থেকে সরেজমিনে তদন্তও করা হয়েছে।

অতঃপর আমি পরিচালক এবং তার স্ত্রীকে বিবাদী করে ময়মনসিংহ জজকোর্ট ৪০৬/৪২০ ধারায় এবং ঢাকার ৪র্থ যুগ্ম জেলা জজ আদালতেও ৪ঠা মে/২০১৭ তে মোকাদ্দমা দায়ের করি। ময়মনসিংহ জজকোর্ট থেকে বর্তমানে সে জামিনে আছে। মামলাটি বর্তমানে চলমান। এহেন পরিস্থিতিতে আইসিবি গত ২০/০৮/২০১৯ খ্রিঃ তারিখ ট্রাইকম ফুড লিঃ এর দায়দেনা আদায়ের লক্ষে পঞ্চম যুগ্ম জেলা জজ আদালতে মামলা দায়ের করেছে। ব্যবস্থাপনা পরিচালক এর অসাধুতা এবং অনিচ্ছার অভাবে সম্মিলিতভাবে দায় পরিশোধ সম্ভব হচ্ছেনা। ব্যবস্থাপনা পরিচালক এর ব্যবসায়িক প্রতারনা ও অসাধুতার জন্য আমি দুটি মামলা পরিচালনা করছি।

আমি এই দায়দেনা থেকে অব্যাহতি পাওয়ার লক্ষে কোম্পানীতে আমার ধারণকৃত শেয়ারের অনুপাতে সরকারের শেয়ার বাই-বেক করে অব্যাহতি পেতে ইচ্ছুক। যেহেতু আমি একজন গৃহিনী এবং ক্ষতিগ্রস্থ ব্যক্তি হিসাবে আমার পক্ষে সুদসহ আনুপাতিক অর্থ এককালিন পরিশোধ করা কোনভাবেই সম্ভবপর নয়। আমার দীর্ঘদিনের সঞ্চিত অর্থ এবং বিয়ের গয়নাগাটি বিক্রি, পৈত্রিক জমিজমা বিক্রি এবং ধারদেনা ইত্যাদি করে অর্থ সংগ্রহ করে পর্যায়ক্রমে কিস্তিতে দায় পরিশোধের উদ্যোগ গ্রহণ করতে ইচ্ছুক।

Attested

এস,এম মজিবুর রহমান
সহকারী মহাব্যবস্থাপক
ইইএফ লিগ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

এমতাবস্থায়, মহোদয়ের নিকট নিম্নোক্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ ও অনুমতি দানের জন্য বিনীত অনুরোধ করছিঃ

(১) মূল দায় ত্রৈমাসিক ১০টি কিস্তিতে পরিশোধের জন্য সুযোগ প্রদান ও অনুমোদন দান।

(২) ক্ষতিগ্রস্থ হিসাবে সুদ মওকুপ করতঃ মূলটাকা ফেরতদানে নিম্নস্বাক্ষরকারীকে সুযোগ প্রদান।

(৩) দায়েরকৃত মামলা থেকে নিম্নস্বাক্ষরকারীকে অব্যাহতি প্রদান।

(৪) প্রকল্পের অর্থ আত্মসাধকারী ব্যবস্থাপনা পরিচালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

এমতাবস্থায়, সরকারের অর্থে নির্মিত প্রকল্পটি প্রতারক জনাব নাসির উদ্দীন এর হাত থেকে রক্ষাপূর্বক দায়দেনা পরিশোধের জন্য নিম্ন স্বাক্ষরকারীর আবেদন মঞ্জুর করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

তারিখঃ 05.11.2019

বিনীত নিবেদক

01753189305

শাহানাজ বেগম

পরিচালক

Attested

06/03/2022

এস,এম মজিবুর রহমান
সহকারী মহাব্যবস্থাপক
আইএফ লিগ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

সংযুক্তি-০২


# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

# INVESTMENT CORPORATION OF BANGLADESH

৮, ডি আই টি এভিনিউ ( লেভেল ১৪-২১), ঢাকা, বাংলাদেশ, পিএবিএক্স ঃ ৯৫৬৩৪৫৫ (অটো হান্টিং), ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, DIT AVENUE (Level 14-21), DHAKA, BANGLADESH, PABX : 9563455 (AUTO HUNTING). FAX . 88-02-9563313. E-mail : icb@agni.com

ইইএফ লিগ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট


নং-আইসিবি/ইইএফ লিগ্যাল/০৮৩/২০২১/ ৯৪৯ "হাতে হাতে"

১৪ আক্টোবর, ২০২১

মিজ শাহনাজ বেগম
স্বামী-মো: আলমগীর হোসেন
পরিচালক
ট্রাইকম ফুডস লিমিটেড
ইস্কাটন গার্ডেন, রজনীগন্ধা-৩০১
সরকারী অফিসার্স কোয়ার্টার
থানা: রমনা, জেলা: ঢাকা-১০০০।

মিজ শাহনাজ বেগম
স্বামী-মো: আলমগীর হোসেন
পরিচালক
ট্রাইকম ফুডস লিমিটেড
সাকিন-১৭/১, টোলারবাগ,
থানা-মিরপুর, জেলা-ঢাকা।

মিজ শাহনাজ বেগম
স্বামী-মো: আলমগীর হোসেন
পরিচালক
ট্রাইকম ফুডস লিমিটেড
বাড়ি নং ১৬/এ, ফ্লাট নং ১/সি
রোড নং ৯/এ, ধানমন্ডি, ঢাকা।

বিষয়ঃ ইইএফ অর্থায়িত ট্রাইকম ফুডস্ লি:, ময়মনসিংহ প্রকল্পের পরিচালক মিজ শাহনাজ বেগম এর নিজস্ব অংশের দায়দেনা পরিশোধের প্রেক্ষিতে কোম্পানির দায়দেনা এবং মামলা হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার ২৮.০৬.২০২১ তারিখের পত্র এবং তৎপরবর্তীতে ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক এর ০৪.১০.২০২১ তারিখের পত্র উল্লেখ্য (সংযুক্ত)।

০২। উক্ত পত্রের প্রেক্ষিতে ইইএফ অর্থায়িত ট্রাইকম ফুডস লি:, ময়মনসিংহ প্রকল্পের পরিচালক মিজ শাহানাজ বেগম কর্তৃক ইইএফ এর দায়দেনা পরিশোধের বিষয়ে ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়:

০১. যথাযথ দলিলাদি পর্যালোচনার মাধ্যমে মিজ শাহানাজ বেগম কর্তৃক দায়েরকৃত মামলার বিবাদী পক্ষ হতে বাংলাদেশ ব্যাংক এবং আইসিবি এর নাম প্রত্যাহারের বিষয়টি নিশ্চিতকরণ এবং

০২. অত্র ইউনিটের ২১/০১/২০২০ তারিখের ইইএফ/৩৭/২০২০-৮০ নং পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

০৩। এমতাবস্থায়, ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক এর উক্ত সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানানো হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

(মোঃ হাবিবুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-০২-৪১০৫০২৭৫
ই-মেইল: dgm_eef_legal@icb.gov.bd

Attested
06/09/2022
S.M.Mozibur Rahman
Assistant General Manager
EEF Legal Affairs Department
ICB, Head Office, Dhaka

সংযুক্তি-০৩


বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ইকুইটি এন্ড অন্ট্রাপ্রান্যারশীপ ফান্ড ইউনিট


সূত্র নং-ইইএফ/৬৭/২০২০-৮০ তারিখঃ ২১/০১/২০২০

মহাব্যবস্থাপক
ইইএফ উইং
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)
(লেভেল ১২-১৩)
৬২/৩ পুরানা পল্টন
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**ইইএফ অর্থায়িত ট্রাইকম ফুড লিঃ, ময়মনসিংহ প্রকল্পের পরিচালক**
**মিজ শাহানাজ বেগম কর্তৃক ইইএফ এর দায়দেনা পরিশোধ প্রসঙ্গে।**

ট্রাইকম ফুড লিঃ এর পরিচালক মিজ শাহানাজ বেগমের আবেদন, আপনাদের বিজ্ঞ আইনজীবী জনাব মোঃ ফিরোজ উদ্দিন এর মতামত, ইইএফ অনুসৃত নীতিমালা, বাংলাদেশ ব্যাংকের গভর্নর মহোদয়ের ২৫.০৬.২০১৮ তারিখের নির্দেশনা ও সর্বোপরি সরকারের স্বার্থ বিবেচনায় নিম্নবর্ণিত বিষয়াবলী পরিপালন নিশ্চিতকরণ সাপেক্ষে আবেদনকারীর দায়দেনা পরিশোধ ও মামলা হতে অব্যাহতি প্রদান করা হলোঃ

১। ইইএফ অনুসৃত নীতিমালা অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক ধার্যতব্য সুদ (ন্যূনতম ৫% হারে) সহ তাঁর অংশের ১০% সমুদয় পাওনা এক কিস্তিতে পরিশোধকরণ;


২। তাঁর কর্তৃক দায়েরকৃত দু'টি মামলার (যদি ইতোমধ্যে আর কোন মামলা দায়ের করা না হয়ে থাকে।) বিবাদীপক্ষ হতে বাংলাদেশ ব্যাংক ও আইসিবিকে অব্যাহতি প্রদান; এবং

৩। ভবিষ্যতে, ইইএফ অনুমোদিত কোন প্রকল্পের উদ্যোক্তা/উদ্যোক্তাবৃন্দ তাঁর/তাঁদের অংশের অর্থ (আনুপাতিক হারে) প্রদানের আগ্রহ প্রকাশ করলে আপনাদের কর্তৃক গৃহীত আইনি মতামতের আলোকে তা কেইস-টু-কেইস ভিত্তিতে বিবেচনার নিমিত্তে অত্র ইউনিটে প্রেরণের পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোহাম্মদ লোকমান হেকিম)
যুগ্ম পরিচালক
ফোনঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৩
আইপিঃ ২২৩১৫

Attested
06/05/2022
এস,এম মজিবুর রহমান
সহকারী মহাব্যবস্থাপক
ইইএফ লিগ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।



Providing information as per Right to Information Act 2009. Inbox

**ICB Planning & Research Department** <icb.prd@gmail.com>
to nasirmba17iba@gmail.com
Mon, 19 Sept, 17:01 (2 days ago)

Dear Mr. M. Nasir Ufddin Khan,

According to your letter dated 17 August 2022 (The letter received by the RTI Officer in Charge of ICB on 29 August 2022), the requested information has been sent herewith.

Thank You
RTI Officer in Charge
ICB Head Office, Dhaka

RTI_information.p...

**Nasir Uddin**
to me
Mon, 19 Sept, 17:15 (2 days ago)

Thank you for your mail.

# ট্রাইকম ফুডস্ লিমিটেড

TRICOM FOODS LIMITED

Registered office : A-11, BSCIC Industrial estate, Maskanda, Mymensingh. Mobile : 01765-636430

তারিখ: ১৭, ২০২২ খ্রী

বরাবর

ব্যবস্থাপনা পরিচালক

ব্যবস্থাপনা পরিচালক

ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ

৮, রাজউক এভিনিউ

বিডিবিএল ভবন (লেভেল-১৪-১৭)

ঢাকা-১০০০।

বিষয়ঃ **ট্রাইকম ফুডস্ লিঃ-এ ইইএফ প্রকল্পের সমমূলধন সহায়তা বাবদ বিনিয়োগ এবং এ সংক্রান্ত সৃষ্ট পরিস্থিতি সমাধান প্রসঙ্গে।**

জনাব,

আমাদের কোম্পানীতে মাইডাস ফাইনান্সিং লিঃ এর মাধ্যমে ইইএফ সমূহমূলধন ১,৪৭,৮৫,০০০/- (এক
আমাদের কোম্পানীতে মাইডাস ফাইনান্সিং লিঃ এর মাধ্যমে বিনিয়োগের পরিমান ৩,০৫,১৩,০০০/- (তিন কোটি
কোটি সাতচল্লিশ লক্ষ পঁচাশি হাজার) টাকা সহ মোট বিনিয়োগের পরিমান ৩,০৫,১৩,০০০/- (তিন কোটি
পাঁচ লক্ষ তের হাজার) টাকা। ইইএফ এর শেয়ার বাইব্যাক করার সময়সীমা ২০১১ সালে শেষ হয়েছে।

অত্যন্ত সম্ভাবনাময় এমন ভালো প্রকল্প বাংলাদেশে নজীর বিহীন; কিন্তু বিনিয়োগ নীতিমালার প্রয়োগ জনিত জটিলতা এবং আমরা উদ্যোক্তাগণের নানাবিধ সমস্যার কারণে কাংখিত সাফল্য লাভ করা যায়নি। আইসিবি'র ইইএফ শাখা **"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার"**-এর নামে শেয়ারে বিনিয়োগকৃত অর্থ আদায় করার জন্য মামলা (Money suit) দায়ের করেছেন। প্রকল্পের ইকুইটি/শেয়ারে বিনিয়োগকৃত অর্থ ফেরত (Disinvestment) নেয়ার প্রক্রিয়া নিয়ে ইইএফ প্রকল্প পরিচালনাকারীদের সাথে আমাদের আইনী ব্যাখ্যা সংক্রান্ত মৌলিক পার্থক্য রয়েছে।

অত্র প্রকল্পের পরিচালনা পর্ষদে ইইএফ মনোনীত পরিচালক সহ মোট ৬জন পরিচালক রয়েছে। কাংখিত সাফল্য লাভ না করা এবং চলতি মূলধন সম্পূর্ণরূপে (Deflated) হয়ে যাওয়ার কারণে বহু আইনী বাধ্যবাদকতামূলক কাজ যেমন, পরিচালনা পর্ষদের সভা করা, বার্ষিক আয়কর ও আরজেএসসি'র রিটার্ন দাখিল সময়মত বিসিকের খাজনা ও সার্ভিস চার্জ না দিতে পারা, সিটি করপোরেশন ও ট্রেড মার্কস রেজিস্ট্রির লাইসেন্স নবায়ন করতে না পারা সহ আরো নানা বিধ ব্যর্থতা স্তুপীকৃত হয়ে যাচ্ছে। দ্রুত এর সমাধান প্রয়োজন। কিছুদিন পূর্বে আইসিবি'তে যোগাযোগের এক পর্যায় জানতে পারি যে, পরিচালক জনাব মনোয়ার হোসেন অত্র প্রকল্পের ব্যবস্থাপনা পরিচালকের বিরুদ্ধে অভিযোগ পত্র দিয়েছেন এবং মিসেস শাহানাজ বেগম অর্থ জমা দিয়ে ইইএফ বিনিয়োগ সংক্রান্ত আপনারা যে আইনী প্রক্রিয়া গ্রহণ করেছেন তা থেকে অব্যহতি চেয়েছেন। এবং আইসিভি এবং ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক থেকে একধরনের দায়মুক্তি লাভ করেছেন। মিসেস শাহানাজ বেগম কর্তৃক অর্থ দেয়ার ব্যাপার নিয়ে আমাদের ভিন্ন আইনি ব্যাখ্যা রয়েছে; তাছাড়া এ ব্যাপারে সুনির্দিষ্ট আইনী প্রক্রিয়া বিদ্যমান রয়েছে; এমন দায়মুক্তি দেয়ার বিষয়ে আইসিবি এবং ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক দায়িত্ব প্রাপ্ত প্রতিষ্ঠান (Competant Authority) নহে।

চলমান পাতা/০২

ট্রাইকম ফুডস্ লিমিটেড
TRICOM FOODS LIMITED
Registered office : A-11, BSCIC Industrial estate, Maskanda, Mymensingh. Mobile : 01765-636430



এখানে উল্লেখ করার প্রাসংগিক হবে যে, মিসেস শাহানাজ বেগম ১৫/০৩/২০০৮ অত্র কোম্পানীর পরিচালনা পর্ষদ হইতে পদত্যাগ করেন এবং তাহার নামে সাকুল্য শেয়ার উনার সহোদর ভাই জনাব মনোয়ার হোসেন, পরিচালক (অপারেশন) এর নামে হস্তান্তর করার জন্য অত্র প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের নিকট আবেদন করেছিলেন। উক্ত আবেদনপত্রটি পরিচালনা পর্ষদে গৃহীত হয়ে মাইডাস ফাইন্সিং লিঃ এর মাধ্যমে ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংকে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছিল। প্রতি উত্তরে ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক তাদের পত্র নম্বর: ইইএফ/৩৮(১৭)/২০০৯ তারিখ ২৩/০৩/২০০৯ আরো তথ্য চেয়ে পাঠান। কিন্তু হঠাৎ করে জনাব মনোয়ার হোসেন অত্র কোম্পানীর সাথে সম্পূর্ণ যোগাযোগ বন্ধ করে দেয়ার ফলে বিষয়টি পেন্ডিং রয়ে যায়-যা এখনও সে অবস্থাই আছে।

এই আবেদনের সাথে আমরা তথ্য অধিকার আইন-২০০৮, ধারা-৮ এর মাধ্যমে পূরণকৃত ফরম-ক দ্বারা কিছু তথ্য পাওয়ার আবেদন করেছি; আশা করি দ্রুত তথ্যগুলো প্রদান করে আমাদেরকে প্রকল্পের সরকারী বিনিয়োগ সহ সম্পূর্ণ বিনিয়োগ ফেরত নেয়া/বের করার ব্যাপারে সুযোগ দিবেন। সে জন্য প্রকল্প সংশ্লিষ্ট দলিলাদি হাল নাগাদ করা প্রয়োজন।

অতএব আপনার নিকট বিনীত আবেদন এই যে, **প্রকল্পের স্মারক সংঘ এবং স্মারক বিধির** সুনির্দিষ্ট নিয়ম অনুসারে সংশ্লিষ্ট সকল পরিচালকদের নিয়ে সুনির্দিষ্ট আলোচ্য সূচির সাহায্যে দ্রুত উদ্ভূত পরিস্থিতি সমাধানের জন্য আলোচনা করে যাতে সমাধান করা যায়, সে ব্যবস্থা করে আমাদের বাধিত করবেন।

ধন্যবাদান্তে,

17-08-22

**এম. নাসির উদ্দিন খান**
ব্যবস্থাপনা পরিচালক

**সংযুক্তি:** তথ্য প্রাপ্তির জন্য পূরণকৃত ফরম-ক

**অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-**

১। মহা-ব্যবস্থাপক, ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয় মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২। ব্যবস্থাপনা পরিচালক, মাইডাস ফাইন্যান্সি লিমিটেড মাইডাস সেন্টার
বাড়ী-০৫, সড়ক-১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯।

**ফরম "ক"**

**তথ্য প্রাপ্তির আবেদনপত্র**

(তথ্য অধিকার-তথ্য প্রাপ্তি সংক্রান্ত বিধিমালার বিধি-৩ দ্রষ্টব্য)

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ
৮, রাজউক এভিনিউ
বিডিবিএল ভবন (লেভেল-১৪-১৭)
ঢাকা-১০০০।

| | | |
|---|---|---|
| ১। আবেদনকারীর নাম | : | ট্রাইকম ফুডস্ লিমিটেড,<br>এ-১১, বিসিক শিল্প এলাকা, মাসকান্দা<br>ময়মনসিংহ এর পক্ষে-এম. নাসির উদ্দিন খান<br>ব্যবস্থাপনা পরিচালক |
| পিতার নাম | : | মরহুম এম. নবী নেওয়াজ খান |
| মাতার নাম | : | মরহুমা খুরশিদা খাতুন |
| বর্তমান ঠিকানা | : | "মাসুকা লজ", ফ্ল্যাট-বি ১০, ৫/১১,<br>ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা-১২০৭ |
| স্থায়ী ঠিকানা | : | ৬৫/১, লিচু বাগান, আকুয়া মাদ্রাসা কোয়াটার<br>ময়মনসিংহ। |
| ফ্যাক্স-ইমেইল, টেলিফোন ও মোবাইল নম্বর (যদি থাকে) | : | মোবাইল নম্বর: ০১৭৬৫-৬৩৬৪৩০ |
| ২। কি ধরনের তথ্য* (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) | : | (ক) ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ-এ ট্রাইকম ফুড্স লিঃ এর পরিচালক, অপারেশন জনাব মনোয়ার হোসেন এর ব্যবস্থাপনা পরিচালকের বিরুদ্ধে এক অভিযোগপত্র দাখিল করেছিলেন; তার সত্যায়িত/সার্টিভাইড কপি<br><br>(খ) ট্রাইকম ফুড্স লিঃ এর পরিচালক, মিসেস শাহানাজ বেগম, ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ-এ অর্থ জমা দেয়ার মাধ্যমে আপনার প্রতিষ্ঠান কর্তৃক গৃহিত আইনী প্রক্রিয়া থেকে অব্যহতি নিয়েছেন মর্মে জানতে পেরেছি সে জন্যে; (i) উনি যে আবেদন করেছেন সেই আবেদনের সত্যায়িত ফটোকপি, (ii) উনার আবেদনের প্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠান ও ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রতিবেদন/পত্র সমূহের |

সত্যায়িত কপি। (iii) উনার আবেদনের প্রেক্ষিতে ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত অনুমতিপত্রের সত্যায়িত কপি এবং (iv) আইসিবি কর্তৃক শাহানাজ বেগমকে প্রদত্ত আইনী প্রক্রিয়া থেকে অব্যহতি দানের পত্রের সত্যায়িত কপি।

* উপরে উল্লেখিত তথ্যসমূহ ইইএফ শাখা, আইসিবি কার্যালয়ে সংরক্ষিত আছে।

৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ফটোকপি) : সত্যায়িত ফটোকপি।

৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা : আবেদনকারী নিজে

৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা : প্রযোজ্য নহে।

আবেদনের তারিখ: ১৭/০৮/২০২২ খ্রি.

17-08-22

আবেদনকারীর স্বাক্ষর

* তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত বিধিমালা-২০০৯ এর ৮ ধারা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধযোগ্য)